ISO 9001:2015
Cirtified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## Comilla Palli Bidyut Samity-1

সদর
চান্দিনা, কু
ফোনঃ ০৮০২২ ৫৬
০৮০২২ ৫৬
E-mail: comillapbs01@gmail.c
Web: pbs1.comilla.gov

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০১.০০৩.২৪.৬৯৬৬ তারিখ ০২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ আইন উপদেষ্টা পদে (চুক্তিভিত্তিক) নিয়োগ বিজ্ঞপ্তি।**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মামলা মোকদ্দমা পরিচালনা, আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক ০১(এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮(আট) বৎসর যাবত আইন ব্যবসায় নিয়োজিত আছেন এবং অবসর প্রাপ্ত জুডিশিয়াল জজ যারা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধুমাত্র কুমিল্লা জেলা) এবং অত্র পবিসের আওতাধীন উপজেলাসমূহ (চান্দিনা, দেবিদ্বার, মুরাদনগর এবং বরুড়া উপজেলা) নিয়োজিত আছে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।

০৩। আইন উপদেষ্টা হিসেবে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয় পক্ষ কমপক্ষে ৩০(ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

০৪। রিটেইনার ফি প্রতিমাসে ৫,০০০/- টাকাসহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।

০৫। অন্য পবিসে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত আইনজীবীগণ আবেদন করতে পারবেন না।

০৬। আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত তথ্যাদি ও কাগজপত্রাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে।

(ক) আবেদনকারীর নাম(স্পষ্টাক্ষরে)
(খ) পিতার নাম
(গ) মাতার নাম
(ঘ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
(ঙ) বর্তমান ঠিকানা
(চ) স্থায়ী ঠিকানা
(ছ) জন্ম তারিখ
(জ) শিক্ষাগত যোগ্যতা
(ঝ) আইনজীবী হিসেবে বার কাউন্সিলে এনরোলমেন্ট এর তারিখ
(ঞ) আইন পেশায় নিয়োজিত কাল
 (১) সহকারী জজ/উপজেলা কোর্ট (২) জজ কোর্ট (৩) হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর এ্যাপিলেট ডিভিশন
(ট) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা
(ঠ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্ব শাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ

০৭। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট, Degree in Law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

উপরে উল্লেখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আগ্রহী আইনজীবীগণকে আগামী ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি বা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর বরাবর অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

১৭/১২/২৪

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

E:\E-File\Admin\01.003.doc

ISO 9001:2015
Cirtified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## Comilla Palli Bidyut Samity-1

সদর
চান্দিনা, কু
ফোনঃ ০৮০২২ ৫৬১
০৮০২২ ৫৬১৪
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd




**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ( সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো):**

০১। জেলা ও দায়রা জজ, কুমিল্লা।
০২। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৩। পুলিশ সুপার, কুমিল্লা।অ
০৪। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ(পূর্বাঃ)/মানব সম্পদ/লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------- পবিস-১/২/৩/৪।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, কুমিল্লা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, -------------------------------- উপজেলা, কুমিল্লা।
০৮। ডিজিএম, কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া/বাঙ্গরা জোনাল অফিস/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।
০৯। এজিএম(ওএন্ডএম), নবাবপুর/মুরাদনগর/পয়ালগাছা/রামমোহন/কুটুম্বপুর সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১০। এজিএম(অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-১।
১১। এজিএম(আইটি), কুমিল্লা পবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১২। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার